৫৬

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUN. 1 8 1999
পৃঃ ৩ কলাম ৫

## চট্টগ্রাম চারুকলা কলেজকে প্রধানমন্ত্রী ইনস্টিটিউট ঘোষণা করায় অভিনন্দন

চট্টগ্রাম সরকারী চারুকলা মহাবিদ্যালয়কে সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একটি ইনস্টিটিউট রূপে ঘোষণা দেয়ায় বাংলাদেশ চারুশিল্পী সংসদ অভিনন্দন জানিয়েছে।

সংসদের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, রাজশাহীর চারুকলা কলেজ বিশ্ববিদ্যালয় অন্তর্ভুক্ত হয়েছে। ঢাকার চারুকলা ইনস্টিটিউট ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি স্বয়ংসম্পূর্ণ ইনস্টিটিউট। খুলনা আর্ট কলেজও বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটের অন্তর্ভুক্ত হতে যাচ্ছে। এমতাবস্থায় চট্টগ্রাম সরকারী চারুকলা মহাবিদ্যালয় সরকারী বিসিএস চাকরিবিধির নিয়মের জন্য পর্যাপ্ত স্থায়ী শিক্ষক নিয়োগ এবং পদোন্নতির ক্ষেত্রে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। মাঝে মাঝেই কলেজে সৃষ্টি হচ্ছে অচলাবস্থা। ফলে ছাত্র-শিক্ষকদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। এই পরিস্থিতি নিরসনে প্রধানমন্ত্রীর ঘোষণা কলেজটির শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখবে। বিবৃতিতে অবিলম্বে প্রধানমন্ত্রীর ঘোষণা কার্যকর করার আহ্বান জানানো হয়।